

সংবাদপত্র প্রতিষ্ঠান গুলিকে পৃথক বিবেক সংরক্ষক নিয়োগ করতে হবে না। বলা বাহুল্য কাউন্সিল সাধ্যমত তার চেষ্টা চালিয়ে যাচ্ছে। নিয়মিত তার কাজের প্রতিবেদনও প্রকাশ করা যাচ্ছে। তবে ভারতের মতো বিশাল দেশে দিল্লিতে একটি মাত্র কাউন্সিল রাখা এ দেশের পক্ষে যথেষ্ট নয়। বিভিন্ন আঞ্চলিক বৈশিষ্ট্য অনুযায়ী পাঁচটি প্রেস কাউন্সিল গঠিত হলে ভারতে প্রেসের অন্যান্য আচরণ এবং প্রেস স্বাধীনতার ওপর আক্রমণের অসংখ্য অভিযোগের কিছুটা সমাধান হতে পারে।

তথ্যের স্বাধীনতা (Freedom of Information, Right to Information)

তথ্যের স্বাধীনতা বলতে বোঝায় অন্যের কাছ থেকে কোনো তথ্য চাইবার, পাবার এবং অপর কাউকে সরবরাহ করার বা জানানোর স্বাধীনতা।

এই স্বাধীনতা ভোগ করা একজন মানুষের অন্যতম মৌলিক অধিকার। বর্তমানে পৃথিবীর পঁয়ষাটটি দেশে আইন করে নাগরিকদেরকে এই অধিকার দেওয়া হয়েছে। তবে এই অধিকারের স্বীকৃতি সহজে বা স্বাভাবিক পদ্ধতিতে আসেনি। অধিকাংশ দেশেই এই স্বীকৃতি আদায় করতে বহু মানুষকে সমালোচনা এবং বিরুদ্ধতার সম্মুখীন হতে হয়েছে, শাস্তি হিসেবে মৃত্যুবরণ পর্যন্ত করতে হয়েছে।

ইতিহাসঃ পৃথিবীর প্রথম গণমাধ্যম অর্থাৎ ছাপা বইটি হল গুটেনবার্গের বাইবেল, ধর্ম বিষয়ক বই। ঐ ধর্মকে কেন্দ্র করেই গণমাধ্যমের ওপর বিধি নিষেধও শুরু হয়। ধর্মযাজকদের স্বেচ্ছাচারিতার প্রতিবাদ ও গির্জার প্রশাসনের সংস্কার দাবি করার অপরাধে ১৪৮৯ সালে ফ্লোরেন্সের স্যা ভোনা রোলাকে তাঁর সমস্ত প্রবন্ধ লেখা, উপদেশগুলিসহ ধর্মযাজকরা পুড়িয়ে মারে। ১৫৩৬ খৃষ্টাব্দে উইলিয়াম টিনডেলকে খুঁটিতে বেঁধে স্বাস্রোধ করে মারা হয়। স্পেনের মাইকেল সারভেন্টাসের, ইটালির টমাস উইলিয়ামের একই শাস্তি দেওয়া হয়। ইংল্যান্ডের আলেকজান্ডার লেটনকে কুকুর থাকার ঘরের ভিতর শিকলে বেঁধে, বেত মেরে, নাক, কান কেটে বাকি সারা জীবন বন্দি করে রাখা হয়। (বিস্তারিত প্রাসঙ্গিক তথ্য এই লেখকের লেখা প্রেস স্বাধীনতা' বইয়ে পাওয়া যাবে।)

একদিকে এই অত্যাচার অন্যদিকে জনসাধারণের মধ্যে শিক্ষার ব্যাপক প্রসার ও ব্যক্তিগত মর্যাদা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ধর্মীয় বিধি নিষেধগুলি অমান্য করতে কিছু মানুষ প্ররোচিত করেছিল। এই প্রয়াসের অন্যতম উল্লেখযোগ্য ফসল কবি জন মিন্টনের প্রবন্ধ গ্রন্থ 'এ্যারোপেজিটিকা'। মিন্টনের যুক্তিগুলির সবই ছিল ধর্মীয় স্বাধীনতা বিষয়ে। তিনি নিজে ছিলেন গোঁড়া খৃষ্টান। মতামত প্রকাশের স্বাধীনতা বলতে তিনি ধর্মীয় স্বাধীনতাকে বুঝিয়ে ছিলেন। এরপর এলো মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাধীনতা এবং লিখিত সংবিধান। ১৭৯১ সালে